

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৫৮

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ৮. সাহাবীদের ফ্যীলত সস্পর্কে।

باب فِي التَّفْضِيلِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، حَدَّثَنَا سُفْيَانُ، حَدَّثَنَا جَامِعُ بْنُ أَبِي رَاشِدٍ، حَدَّثَنَا أَبُو يَعْلَى، عَنْ مُحَمَّدِ ابْنِ الْحَنَفِيَّةِ، قَالَ قُلْتُ لأَبِي أَىُّ النَّاسِ خَيْرٌ بَعْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ أَبُو بَكْرٍ . قَالَ قُلْتُ ثُمَّ مَنْ قَالَ ثُمَّ عُمَرُ . قَالَ ثُمَّ خَشِيتُ أَنْ أَقُولَ ثُمَّ مَنْ فَيَقُولَ عُثْمَانُ فَقُلْتُ ثُمَّ أَنْتَ يَا أَبَةِ قَالَ مَا أَنَا إِلاَّ رَجُلٌ مِنَ الْمُسْلِمِينَ .

বাংলা

৪৫৫৮. মুহাম্মদ ইবন কাছীর (রহঃ) মুহাম্মদ ইবন হানাফীয়া (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি আমার পিতা আলী (রাঃ)-কে জিজ্ঞাসা করিঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পরে লোকদের মধ্যে শ্রেষ্ঠ কে? তিনি বলেনঃ আবৃ বকর (রাঃ)। আমি আবার জিজ্ঞাসা করিঃ এরপর কে? তিনি বলেনঃ উমার (রাঃ)।

রাবী বলেনঃ আমার ভয় হয়, যদি আমি জিজ্ঞাসা করিঃ এরপর কে? আর তিনি বলেনঃ উছমান (রাঃ)। তাই আমি তাকে বলি হে আমার পিতা! এরপর কি আপনি শ্রেষ্ঠ? জবাবে তিনি বলেনঃ আমি তো মুসলিমদের মধ্যে একজন। (এটা তাঁর বিনয়ের প্রকাশ)।

English

Muhammad b. al-Hanafiyyah said:

I said to my father: Which of the people after the Messenger of Allah (ﷺ) is best? He replied: Abu Bakr. I then asked: Who comes next? He said: 'Umar. I was then afraid of asking him who came next, and he might mention 'Uthman, so I said: You came next, O my father? He said: I am only a man among the Muslims.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনুল হানাফিয়্যাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন